

বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা

বার্ড ইনোভেশন টিমের ১ম সভার কার্যবিবরণী, ২০২১-২০২২ খ্রিঃ

সভাপতিঃ মোঃ সফিকুল ইসলাম
অতিরিক্ত মহাপরিচালক

স্থান : সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
তারিখ : ২৬/০৮/২০২১ খ্রিস্টাব্দ
সময় : বেলা ১০:৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দঃ

- ১। জনাব রঞ্জন কুমার গুহ, পরিচালক (ভারপ্রাপ্ত), বার্ড।
- ২। ড. শেখ মাসুদুর রহমান, যুগ্ম-পরিচালক, বার্ড।
- ৩। কাজী সোনিয়া রহমান, উপ-পরিচালক, বার্ড।
- ৪। জনাব মোঃ রিয়াজ মাহমুদ, উপ-পরিচালক, বার্ড।

সভার শুরুতে সভাপতি উপস্থিত ইনোভেশন টিমের সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

- ০১। ১৬/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে একটি নতুন উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন করা।
- ০২। সেবা সহজীকরণ বিষয়ে নতুন ধারণা চেয়ে বিজ্ঞপ্তি বিতরণ করা।
- ০৩। ডিজিটাল সেবা বাস্তবায়নের লক্ষ্যে বার্ডের অনলাইন পাবলিকেশন বিক্রির উদ্যোগ গ্রহণ করা।
- ০৪। ২০২০-২০২১ অর্থবছরে বাস্তবায়িত ০৪টি উদ্ভাবনী ধারণার পূর্বের এবং বর্তমান অবস্থা জানার জন্য বাস্তবায়নকারীগণের থেকে একটি লেখা সংগ্রহ করা এবং বাস্তবায়িত ধারণাসমূহ পরিদর্শন করা। এছাড়া লিফলেট তৈরির উদ্যোগ গ্রহণ করা।
- ০৫। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদত্ত কর্মপরিকল্পনা ২০২১-২০২২ অনুযায়ী উদ্ভাবনী ধারণা, সেবাসহজীকরণ ও ডিজিটাইজকৃত সেবার পর্যালোচনা সভা আয়োজন করা।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের মাধ্যমে বিভিন্ন বিভাগে ই-নথি কার্যক্রম বাস্তবায়নের জন্য চিঠি দেয়া। উল্লেখ্য যে, কিছু কার্যক্রম ইতোমধ্যে বাস্তবায়িত হচ্ছে।
- ০৭। ডিসেম্বর ২০২১ ও মার্চ ২০২২ খ্রিঃ সময়ে দুটি কর্মশালায় আয়োজন করা এবং উক্ত কর্মশালায় মন্ত্রিপরিষদ বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ইনোভেশন সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আমন্ত্রণ জানানো।
- ০৮। বার্ডের তথ্য বাতায়নের সেবা বক্স-এর তথ্য নিয়মিত হালনাগাদ করা।
- ০৯। APA, GRS, ইনোভেশন ও শুদ্ধাচার সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে প্রয়োজনীয় তথ্য সময়ে সময়ে সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ)-কে প্রদানের জন্য অনুরোধ করা এবং সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ) প্রাপ্ত তথ্য নিয়মিত বার্ডের তথ্য বাতায়নে আপলোড করবেন।
- ১০। বার্ডের নিউজ লেটার, গ্রাম উন্নয়ন, বিভিন্ন প্রকাশনার শিরোনাম ও সারসংক্ষেপ নিয়মিত বার্ডের তথ্য বাতায়নে আপলোড করার জন্য গবেষণা বিভাগকে অনুরোধ করা।
- ১১। সেপ্টেম্বর ও ডিসেম্বর ২০২১ এবং মার্চ ও মে ২০২২ খ্রিঃ সময়ে ইনোভেশনের ০৪টি প্রশিক্ষণ আয়োজন করা।
- ১২। সেপ্টেম্বর ২০২১ খ্রিঃ সময়ে বার্ডের ইনোভেশনের বাজেট বিভাজন মহাপরিচালক মহোদয় কর্তৃক অনুমোদন করা।
- ১৩। সেপ্টেম্বর ও ডিসেম্বর ২০২১ এবং মার্চ ও জুন ২০২২ খ্রিঃ সময়ে কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতির পর্যালোচনা সভা আয়োজন করা।
- ১৪। ০৩/০১/২০২২ খ্রিঃ সময়ের মধ্যে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা।
- ১৫। ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন অক্টোবর ২০২১ সময়ের মধ্যে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা।
- ১৬। মে ২০২২ খ্রিঃ সময়ের মধ্যে দেশে বিদেশে বাস্তবায়িত ০১টি উদ্ভাবনী ধারণা পরিদর্শন করা।


পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


২৬/০৮/২০২১
(মোঃ রিয়াজ মাহমুদ)

উপ-পরিচালক (পল্লী ব্যবসা ব্যবস্থাপনা)

ও

সদস্য সচিব, ইনোভেশন কমিটি


২৬/০৮/২০২১
(মোঃ সফিকুল ইসলাম)
অতিরিক্ত মহাপরিচালক
এবং
ইনোভেশন অফিসার

বিতরণঃ

- ১। পরিচালক (প্রশাসন), বার্ড।
- ২। পরিচালক (প্রশিক্ষণ), বার্ড।
- ৩। কমিটির সংশ্লিষ্ট সদস্যবৃন্দ, বার্ড।
- ৪। জনাব মোঃ আশিক সরকার লিফাত, সহকারী পরিচালক (উন্নয়ন যোগাযোগ), বার্ড অবগতি ও ওয়েবসাইটে সংযোজনের জন্য।
- ৫। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী-মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।